পটভূমিঃ বাঁচতে শেখা ১৯৭৬ সাল থেকে বহুমুখী উন্নয়ন কর্মকান্ডের মাধ্যমে সমাজের পশ্চাৎপদ, দরিদ্র ও নিরক্ষর জনগোষ্ঠীর জীবনে ইতিবাচক পরিবর্তন আনয়নের জন্য নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বাঁচতে শেখা নিরক্ষরতা দূর করার মাধ্যমে দরিদ্র ও বঞ্চিত মানুষের বিশেষ করে মহিলাদের সচেনতা এবং ক্ষমতায়ন প্রক্রিয়াকে গতিশীল করার লক্ষে ১৯৭৮ সালে বয়স্ক শিক্ষা কার্যক্রম হাতে নেয়। বাংলাদেশের গ্রামাঞ্চলে বয়স্ক শিক্ষা পরিচালনা করতে গিয়ে বাঁচতে শেখা গভীরভাবে লক্ষ্য করে যে, ৮ থেকে ১০ বছর বয়সেব এক বৃহৎ জনগোষ্ঠী শিক্ষার অধিকার ও সুযোগ থেকে বঞ্চিত। এদের শিক্ষা থেকে বঞ্চিত রেখে সামাজিক উন্নয়ন সম্ভব নয় । এই সামাজিক দায়িত্ববোধ থেকে ১৯৮০ সালে বাঁচতে শেখা উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কার্যক্রম শুরু করে । শুরুতে বাঁচতে শেখার শিক্ষা কার্যক্রম মৌলিক শিক্ষা প্রদানের মাধ্যে সীমাবদ্ধ থাকলেও ধীরে ধীরে পূর্ণাঙ্গ প্রাথমিক শিক্ষা কার্যকক্রমে রুপ পরিগ্রহ করে। সরকার কতৃক নির্ধারিত আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার মৌলিক শিখনবিষয় এবং প্রান্তিক যোগ্যতাগুলোর পাশাপাশি শিশুদের জীবন ঘনিষ্ঠ অন্যান্য বিষয়কগুলোকে সমান গুরুত্ব দিয়ে বাঁচতে শেখা তার শিক্ষা কার্যক্রম পরিচারনা করে আসছে ।

অসহায়, হতদরিদ্র,বঞ্চিত, নিরক্ষর শিশুদের শিক্ষা কর্মসূচি: বিদ্যালয়ে না যাওয়া ও ঝরে-পড়া দরিদ্র ও নিরক্ষর ৮ থেকে ১০ বছর বয়সী শিশুদের প্রাথমিক শিক্ষালাভের সুযোগ হিসেবে বাঁচতে শেখা ২০১৭ সালের ১ জানুযারী থেকে ব্র্যাক এর অর্থায়নে যশোর জেলার ঝিকরগাছা উপজেলায় ৯ টি ও শার্শা উপজেলায় ১টি মোট ১০ টি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করছে । মোট শিক্ষার্থী সংখ্যা ২৯০ জন। উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়েগুলোতে ২৭ থেকে ৩০ জন শিক্ষার্থী রয়েছে । শিক্ষার্থীগন বর্তমানে ৪র্থ শ্রেনীতে অধ্যায়নরত । বাঁচতে শেখা শিক্ষার নির্বাচিতব্য শিশুর শিখনসামর্থ্য,মাধ্যমিক শিক্ষায় অংশগ্রহণের বয়সসীমা এবং পরিবারের শিক্ষাব্যয় বিবেচনা করে ৫ বছরের প্রাথমিক শিক্ষা কার্যক্রমকে ৪ বছরে (৪৮ মাস = ১ম শ্রেণি ৯ মাস, ২য় শ্রেণি ৯ মাস, ৩য় শ্রেণি ৯ মাস,৪র্থ শ্রেণি ১০ মাস, ৫ম শ্রেনি ১১ মাস) শেষ করা হয় ।

অসহায়, হতদরিদ্র,বঞ্চিত, নিরক্ষর শিশুদের শিক্ষা কর্মসূচির লক্ষ্য: শিক্ষা কর্মসূচির লক্ষ্য হলো উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা মডেল বাস্তবায়নের মাধ্যমে সমাজের সুবিধাবঞ্চিত ছেলেমেয়েদের জন্য শিক্ষার সুযোগ সৃষ্টি করা ”

অসহায়, হতদরিদ্র,বঞ্চিত, নিরক্ষর শিশুদের শিক্ষা কর্মসূচির উদ্দেশ্য:

- সবার জন্য শিক্ষা কার্যক্রমকে আরও গতিশীর করা ।
- সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য গউএ অর্জসে ভূমকা রাখা ।
- সমাজের সুবিধা বঞ্চিত ছেলেমেয়েদের জন্য শিক্ষার সুযোগ সৃষ্টি করা ।
- মেয়ে শিক্ষার্থীর হার বাড়ানো ।
- শিক্ষা কর্মসূচির বাস্তবায়ন ও ব্যবস্থাপনায় নারীদের অংশগ্রহণ নিশ্চিত করা ।

- দেশের প্রাথমিক শিক্ষায় সময়, অর্থ ও অপচয় কমিয়ে আনা ।
- বাংলাদেশের সুশীল সমাজকে দারিদ্র্য বিমোচন ও শিক্ষাক্ষেত্রে এগিয়ে নেওয়ায় অবদান রাখা ।
- বিনামুল্যে শিক্ষাউপকরণ ও অন্যান্য জিনিসপত্র বিতরণর মাধ্যমে সবার জন্য শিক্ষা পরিকল্পনা বাস্তবায়ন করা।

স্কুলের তথ্য :

ক্রমিক নং	জেলা	উপজেলা	স্কুলের নাম	শুরুর তারিখ	শ্রেনী	শিক্ষার্থীর সংখ্যা
১	যশোর	ঝিকরগাছা	বোধখানা	০১-০১-২০১৭	৪র্থ	২৯
২	যশোর	ঝিকরগাছা	গদখালী	০১-০১-২০১৭	৪র্থ	৩০
৩	যশোর	ঝিকরগাছা	সাগরপুর	০১-০১-২০১৭	৪র্থ	৩০
৪	যশোর	ঝিকরগাছা	শ্রীরামপুর মধ্য	০১-০১-২০১৭	৪র্থ	২৭
৫	যশোর	ঝিকরগাছা	শ্রীরামপুর ঘোষপাড়া	০১-০১-২০১৭	৪র্থ	২৯
৬	যশোর	ঝিকরগাছা	শ্রীরামপুর	০১-০১-২০১৭	৪র্থ	২৯
৭	যশোর	ঝিকরগাছা	চাঁপাতলা	০১-০১-২০১৭	৪র্থ	৩০
৮	যশোর	ঝিকরগাছা	কাশিপুর	০১-০১-২০১৭	৪র্থ	৩০
৯	যশোর	ঝিকরগাছা	মির্জাপুর	০১-০১-২০১৭	৪র্থ	৩০
১০	যশোর	শার্শা	কাঠশিকড়া	০১-০১-২০১৭	৪র্থ	২৭
					মোট	**২৯০**

স্কুলের মোট শিক্ষার্থী ২৯০ জন । প্রতিটি স্কুলে ১ জন করে শিক্ষিকা আছে । তিনি প্রতিটি বিষয় পরিচালনা করেন । শিক্ষিকা মাতৃস্নেহে অতিযত্নে শিশুদের শিক্ষাদান করেন ।১ম থেকে ৫ম শ্রেণিতে সরকারী বই পড়ানো হয়। শিক্ষার পাশাপাশি স্কুলগুলোতে বিভিন্ন ধরনের সহপাঠক্রমিক কাজ করানো হয় যেমন- নাচ, গান, আবৃত্তি, গল্পবলা, ছড়াগান ইত্যাদি । এছাড়া শিশুদের বিভিন্ন ধরনের গল্পেরবই পড়ানো হয়, দেয়ালিকা আঁকানো, শিশুর তৈরী গল্প লেখানো হয় । শিক্ষার্থীরা নিয়মিত বিদ্যালয়ে আসে এবং আনন্দের সাথে লেখাপড়া করে। বিদ্যালয়গুলোর লেখাপড়ার গুনগত মান ভাল।

শিক্ষিকা উন্নয়ন:

- শিক্ষিকাদের ব্র্যাক লার্নিং সেন্টার থেকে ১৫ দিনের ব্যাসিক ট্রেনিং করানো হয়েছে ।
- প্রতিমাসে শিক্ষিকাদের একদিন করে রিফ্রেশার্স করানো হয় ।
- সংশ্লিষ্ট সুপারভাইজার প্রতি সপ্তাহে স্কুলগুলো দুইবার সুপারভেশন করেন ।
- মনিটর নিবিড়ভাবে স্কুলগুলো মনিটরিং করেন ।
- উদ্ধতন কর্মকর্তা স্কুল ভিজিট করেন এবং উন্নয়নের নির্দেশনা দেন।

প্রি- প্রইমারী স্কুলঃ বাঁচতে শেখা ৫ বছরের শিশুদের নিয়ে ব্র্যাক এর অর্থায়নে মে -২০১৯ ইংরেজী থেকে ৬ টি এবং জুন -২০১৯ ইংরেজ থেকে ১০টি প্রি-প্রাইমারী স্কুল পরিচালনা করছে । ১৬ টি প্রি-প্রাইমারী স্কুলে ছেলে ১১৬ জন, মেয়ে ২৩২ জন মোট শিক্ষার্থী ৪৪৮ জন । প্রতি স্কুলে ১ জন কওে শিক্ষিকা মোট ১৬ জন শিক্ষিকা আছেন । শিশুদের স্কুলে গমন উপযোগী করে জানুয়ারী ২০২০ ইংরেজী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রথম শ্রেনিতে ভর্তি কওে দেয়া হবে । শিশুদের সরকারি নির্দেশনা অনুযায়ী পাঠদান, ছড়া, খেলাধুলা, আবৃত্তি, নাচগান করানো হচ্ছে । তাদের সরকারী বই পড়ানো হচ্ছে।

প্রি- প্রইমারী স্কুলের তথ্য :

ক্রমিক নং	জেলা	উপজেলা	স্কুলের নাম	শুরুর তারিখ	শ্রেনী	শিক্ষার্থীর সংখ্যা
১	যশোর	ঝিকরগাছা	নারাঙ্গালী	০১-০৫-২০১৯	শিশু শ্রেনী	২৫

২	যশোর	ঝিকরগাছা	রাজাপুর	০১-০৫-২০১৯	শিশু শ্রেনী	৩৩
৩	যশোর	ঝিকরগাছা	কাশিপুর	০১-০৫-২০১৯	শিশু শ্রেনী	২৯
৪	যশোর	ঝিকরগাছা	বহিরামপুর	০১-০৫-২০১৯	শিশু শ্রেনী	২৬
৫	যশোর	ঝিকরগাছা	শ্রীরামপুর	০১-০৫-২০১৯	শিশু শ্রেনী	২৯
৬	যশোর	ঝিকরগাছা	দোসতিনা	০১-০৫-২০১৯	শিশু শ্রেনী	৩৩
৭	যশোর	ঝিকরগাছা	মিশ্রীদিয়াড়া	০১-০৬-২০১৯	শিশু শ্রেনী	২৫
৮	যশোর	ঝিকরগাছা	গদখালী	০১-০৬-২০১৯	শিশু শ্রেনী	২৫
৯	যশোর	ঝিকরগাছা	পদ্মপুকুর	০১-০৬-২০১৯	শিশু শ্রেনী	২৮
১০	যশোর	ঝিকরগাছা	মহিনীকাটি	০১-০৬-২০১৯	শিশু শ্রেনী	৩৩
১১	যশোর	ঝিকরগাছা	মল্লিকপুর	০১-০৬-২০১৯	শিশু শ্রেনী	৩৩
১২	যশোর	ঝিকরগাছা	মির্জাপুর	০১-০৬-২০১৯	শিশু শ্রেনী	২৭
১৩	যশোর	যশোর সদর	বড়মেঘলা	০১-০৬-২০১৯	শিশু শ্রেনী	২৬
১৪	যশোর	মনিরামপুর	সরসকাটি	০১-০৬-২০১৯	শিশু শ্রেনী	২৫
১৫	যশোর	মনিরামপুর	পট্টি	০১-০৬-২০১৯	শিশু শ্রেনী	২৬
১৬	যশোর	মনিরামপুর	বাসুদেবপুর	০১-০৬-২০১৯	শিশু শ্রেনী	২৫
					মোট	**৪৪৮**

প্রকল্পের লক্ষ্যমাত্রাঃ

ক্রম নং	কার্যক্রমের নাম	লক্ষ্যমাত্রা
১	প্রি-প্রাইমারী শিক্ষা	৪৪৮জন
২	প্রাথমিক শিক্ষা	২৯০জন
৩	খাবার	৭৩৮জন
৪	শ্লেট	৭৩৮জন
৫	বই	৭৩৮জন
৬	খাতা	৭৩৮জন
৭	চকখড়ি	৭৩৮জন
৮	কলম	২৯০জন
৯	পেন্সিল	৭৩৮জন

ক্রম নং	কার্যক্রমের নাম	লক্ষ্যমাত্রা
১০	রঙ পেন্সিল	৭৩৮জন
১১	ইরেজার	৭৩৮জন
১২	পেন্সিল কাটার	৭৩৮জন
১৩	গরম পোষাক	৭৩৮জন
১৪	স্কেল	৭৩৮জন
১৫	খেলনা	৪৪৮জন

স্কুল গুলোর হাজিরা, শ্রেণী শৃঙ্খলা এবং গুণগতমান খুবই ভাল।

(১০)

প্রকল্পের নামঃ 'লিগ্যাল এইড এন্ড লিগ্যাল লিটারেসি' ।

প্রকল্পের মেয়াদ ঃ

(ক) শুরুর তারিখ ঃ ০১ সেপ্টেম্বর ২০১৮ ।
(খ) সমাপ্তির তারিখ ঃ ৩১ আগস্ট ২০১৯ ।
(গ) প্রতিবেদন সময় ঃ ০১ সেপ্টেম্বর ২০১৮ হতে ৩১ আগস্ট ২০১৯ ।

উদ্দেশ্যসমূহ ঃ

১. বিকল্প বিরোধ নিষ্পত্তির মাধ্যমে লক্ষিত জনগোষ্ঠির নির্যাতনের মাত্রা কমিয়ে আনা ও এর কার্যকারিতা অন্যান্য এলাকায় ছড়িয়ে দেওয়া।
২. নারীদের বিরুদ্ধে বিদ্যমান অনাচার মোকাবেলায় তাদের আইনী সহায়তা প্রদান করা, সামাজিক ভাবে তাদের এমন একটি অবস্থান তৈরি করা যার মাধ্যমে তারা শিক্ষা, স্বাস্থ্য, খাদ্য নিরাপত্তা, আইনী সহায়তা সহ সকল প্রকার প্রয়োজনীয় সেবা পেতে পারে। উক্ত সেবায় যাতে নারীদের প্রবেশাধিকার নিশ্চিত হয় এজন্য সেবা দাতারাও বিশেষতঃ আইন প্রয়োগকারী সংস্থাগুলি হবেন নারীদের প্রতি যথেষ্ট অনুভূতিশীল।
৩. বর্তমানে প্রচলিত বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থায় নারী-পুরুষের সমান অধিকার অর্জনের জন্য নারীর অংশগ্রহন বৃদ্ধি করা ।
৪. পারিবারিক নির্যাতনের প্রতিকারে সালিশী ব্যবস্থায় এবং আইন সহায়তা প্রাপ্তিতে নারীদের অভিগম্যতা বৃদ্ধি করা ।
৫. এডিআর কমিটির কার্যক্রম গতিময় করতে সহায়তা করা ।

লক্ষ্যমাত্রাঃ এই প্রকল্প এর সার্বিক লক্ষ্য হচ্ছে পারিবারিক নির্যাতন কমানো, জেন্ডার বৈষম্য দূরীকরন ও নেতৃত্ব বিকাশের মাধ্যমে নির্যাতিত ও অবহেলিত নারীদের সমান অধিকার বৃদ্ধি করা। প্রশিক্ষন, সালিশ ও আইন সহায়তা কার্যক্রমের মাধ্যমে জেন্ডার ইস্যুতে সামগ্রিকভাবে জেন্ডার ও উন্নয়ন সম্পর্কিত ক্ষমতার রাজনীতি নারীর অধঃস্তন ও অসাম্য অবস্থান দূর করতে সঠিক ও কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য কাজ করে যাওয়া। ০১ সেপ্টেম্বর ২০১৭ হতে ৩১ আগস্ট ২০১৮ এর লক্ষ্যমাত্রার বিপরীতে কার্যক্রমগুলো অগ্রগতির প্রতিবেদন নিম্নে উল্লেখ করা হলঃ-

ক্রমিক নং	প্রকল্পের কাজ	লক্ষ্য	অর্জন	অর্জনকৃত ফলাফল
১	গ্রহনকৃত মোট আবেদনপত্র	৭৪		
২	মোট সালিশের মাধ্যমে সমাধানকৃত সমস্যা	৩০	৫১	
৩	সমস্যা এখনো সমাধানের অপেক্ষায়	১১		
৪	কাউনসেলিং		৭১৩	
৫	কোর্ট কেস	৪	১২	
	৭৪র্ট উঠান বৈঠক	৩০	৩০	

প্রধান কার্যক্রমসমূহ এবং প্রতিটি কার্যক্রমের বিপরীতে বরাদ্দ ঃ

ক্রমিক	প্রধান কার্যক্রম সমূহ	প্রাক্কলিত বরাদ্দ (টাকা)			উপকারভোগীর সংখ্যা
		বছর-১ (০১ সেপ্টেম্বর ২০১৭ হতে ৩১ আগস্ট ২০১৮)	বছর-২ (০১ সেপ্টেম্বর ২০১৮ হতে ৩১ আগস্ট ২০১৯)	মোট (টাকা)	
১	আদালতে আইনী সহায়তা প্রদান	১০,০০০	১০,০০০	২০,০০০	৭০ জন
২	বিকল্প উপায়ে বিরোধ নিষ্পত্তি	১৫,০০০	১৫,০০০	৩০,০০০	৬০০ জন ১২০ পরিবার
৩	উঠান বৈঠক	১২,০০০	১১,৬০০	২৩,৬০০	৮৮৫ জন
	মোট	৩৭,০০০	৩৬,৬০০	৭৩,৬০০	

অনুযায়ী উপজেলাওয়ারী প্রকল্পের আর্থিক বিবরণী

প্রতিবেদনাধীন সময়:১ সেপ্টেম্বর ২০১৮ হতে ৩১ আগস্ট ২০১৯

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম	উপজেলার জন্য মোট বরাদ্দ (টাকা)	মোট প্রকৃত ব্যয় (টাকা)	মন্তব্য
১	যশোর	যশোর সদর	২,৯৩,০৪০	২,৮৬,১৫০	
	মোট		**২,৯৩,০৪০**	**২,৮৬,১৫০**	

(১১)

প্রকল্প: (টেকসই জলজ পালন ও পুষ্টি ক্রিয়াকলাপ (সানা) প্রকল্প)

প্রকল্পের সময়কাল: সেপ্টেম্বর 2018 থেকে সেপ্টেম্বর 2019।

লক্ষ্য: প্রকল্পের লক্ষ্য হ'ল বাজার সংযোগ তৈরির সাথে সাথে স্বাস্থ্যকর পদ্ধতিগুলি উন্নত করার সাথে মোলা-কার্প-উদ্ভিজ্জ উত্পাদন পদ্ধতির গ্রহণের মাধ্যমে মহিলা, যুবক, গর্ভবতী এবং স্তন্যদানকারী মায়েদের পুষ্টির মর্যাদা বৃদ্ধি করা।
উদ্দেশ্য:

- মাছ (বিশেষত মোলা) এবং উদ্ভিজ্জ উত্পাদন বৃদ্ধি করা।
- পুষ্টিকর খাবারের ব্যবহার বাড়াতে।
- লক্ষ্যবস্তু পরিবারগুলির মধ্যে ডায়েটার বৈচিত্র্য উন্নত করা।
- মহিলা, যুবক এবং সম্প্রদায়ের লোকদের মধ্যে পুষ্টি (মাছ, উদ্ভিজ্জ এবং স্বাস্থ্যকর) বিষয়ে সচেতনতা তৈরি করা।
- পুষ্টি সম্পর্কিত আচরণে ইতিবাচক পরিবর্তন আনতে।
- জলজ পালন মূল্য চেইনে মহিলাদের জন্য একটি সক্ষম পরিবেশ তৈরি করা।
- লিঙ্গ এবং পুষ্টি সংবেদনশীল জলজ পালন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করা।

সানা প্রকল্পের সংখ্যাসূচক অর্জন (প্রকল্প লক্ষ্যমাত্রা ভিএস অর্জন)

কার্যকলাপ	লক্ষ্য	অর্জন
প্রোগ্রাম পরিচালনা এবং তাদের স্থাপনার বিষয়ে স্টাফ নিয়োগ এবং ওরিয়েন্টেশন	17 জন	17 জন
উপজেলা পর্যায়ের ওরিয়েন্টেশন কর্মশালা	6 কর্মশালা	6 কর্মশালা
কৃষক প্রোফাইলিং জরিপ এবং ডাটাবেস বিকাশ	2160 জন সুবিধাভোগী	2160 জন সুবিধাভোগী
ফার্মার্স নিউট্রিশন স্কুল (এফএনএস) এবং পুষ্টি ক্লাব (এনসি), ২০ জন মহিলা / যুবক এবং প্রতিটি গ্রুপ প্রতি অন্যদের গঠন)	108 টি গ্রুপ এফএনএস এবং 24 টি গ্রুপ এনসি	108 টি গ্রুপ এফএনএস এবং 24 টি গ্রুপ এনসি
বহু সংস্কৃতি (মোলা কার্প, শাকসবজি), মৌলিক পুষ্টি এবং লিঙ্গ সম্পর্কে মহিলাদের প্রশিক্ষণ	864 প্রশিক্ষণ	864 প্রশিক্ষণ
উদ্যোক্তা সংবেদনশীলকরণ- স্থানীয় বাজার ব্যবস্থার সাথে মহিলা উদ্যোক্তাদের জড়িত করুন (মহিলাদের বিশেষ প্রশিক্ষণ, প্রতিটি গ্রুপের ২ জন মহিলা)	6 প্রশিক্ষণ	6 প্রশিক্ষণ
পুরুষদের সংবেদনশীলকরণ	6 প্রশিক্ষণ	6 প্রশিক্ষণ
হ্যান্ড ওয়াশিং স্টেশন (বালতি বেসিন / টিপ্পি ট্যাপ) ইনস্টলেশন ও সচেতনতা প্রচার	108 টি গ্রুপ প্রচারণা করেছে	108 টি গ্রুপ প্রচারণা করেছে
পুষ্টি সম্পর্কিত সম্প্রদায়ের সচেতনতার জন্য স্থানীয় লোকদের (বিশেষত গর্ভবতী এবং স্তন্যদানকারী মা) সাথে আঙ্গিনা বৈঠক	108 গ্রুপ সভা	108 গ্রুপ সভা

কিশোর / শিশুদের জন্য স্কুল সেশনস	48 অধিবেশন	48 অধিবেশন
দিবস পালন / সমাবেশ	2 ইভেন্ট	2 ইভেন্ট
নেটওয়ার্কিংয়ের সুযোগ এবং পরামর্শমূলক পরিষেবার জন্য মৎস্য, কৃষি ও স্বাস্থ্য বিভাগের সাথে বৈঠক	12 সভা	12 সভা
অংশগ্রহণমূলক ডেমো প্রতিষ্ঠা - ব্যয় ভাগ করে নেওয়ার পদ্ধতিতে কার্প বীজ বিতরণ	2160 সুবিধাভোগী	2160 সুবিধাভোগী
অংশগ্রহণমূলক ডেমো প্রতিষ্ঠা - সবজি বীজ, ওএসপি লতা এবং লেবু চারা দিয়ে ইনপুট সহায়তা	2160 সুবিধাভোগী	2160 সুবিধাভোগী
মাসিক ক্লাস্টার কর্মীদের সভা	11 সভা	11 সভা

(১২)

প্রকল্প: সুবিধাবঞ্চিত মানুষের জন্য কম্পিউটার শিক্ষার সৃজনশীল সুযোগ

প্রকল্প এলাকা: বিএস প্রধান কার্যালয়।

উদ্দেশ্য:

- স্বল্প আয়ের সুবিধাভোগীদের কাছে সাশ্রয়ী মূল্যের আইটি ।
- আইটি কীভাবে মহিলাদের ক্ষমতায়নের সরঞ্জাম হতে পারে তা উপস্থাপন ।

- আইটেমি আয় উত্পন্ন কার্যক্রম হিসাবে।
- তথ্যপ্রযুক্তি শিক্ষার মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন।
- একটি উন্নয়নশীল দেশের জন্য ভবিষ্যতের সক্ষমতা বৃদ্ধি ।
- যে সমস্ত শিশুরা স্কুলে যা শিখেন তা অনুশীলনের জন্য কম্পিউটার কেনার সামর্থ্য রাখে না এমন শিশুদের জন্য তথ্য প্রযুক্তি সহায়তা।

ফলাফল: ২০১৮ - ২০১৯ সালে মোট **১৪২**জন শিক্ষার্থী কম্পিউটার সম্পন্ন করেছে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের শংসাপত্র পেয়েছে।

(১৩)

প্রকল্প: আইজিএ / জীবিকা নির্বাহ প্রকল্প
উদ্দেশ্য: গ্রেটার কৃষিতে লক্ষ্যযুক্ত সম্প্রদায়ের উন্নত প্রযুক্তি হস্তান্তর।
ক্রিয়াকলাপ:

- প্রশিক্ষণ এবং প্রদর্শন.।
- পরিবার পর্যায়ে আয় বৃদ্ধি করা।
- গরু পালন, মাছ চাষ, ছাগল পালনের উন্নত প্রশিক্ষণ
- প্রশিক্ষণ এবং প্রযুক্তি স্থানান্তর ।
- মহিলাদের জন্য হস্তশিল্প প্রশিক্ষণ ও উন্নয়ন ।
- পণ্য উন্নয়ন এবং বিদেশে রফতানি।

বর্তমান স্টক এবং মূল্য

ক্রমিক নং	বিবরণ	বর্তমান পরিমাণ, জুন ২০১৯	মূল্য টাকায়
১	দুধের গরু	৩	২২৫,০০০
২	ষাঁড়	৩	১৩০,০০০
৩	বাছুর	৩	৭০,০০০
৪	বকনা	৫	২৫০,০০০
৫	ছাগল	১৯ ৪০০	১২০,০০০
৬	মাছ	১০০০ কেজি	১৭৫,০০০
	মাছের বাচ্চা	৪০০ কেজি	৫০,০০০
		মোট	**১০,২০,০০০**



ITRAD পরিষেবা

ক্রমিক নং	সুবিধা সমুহ ও সেবার নাম	বিবরণ	মূল্য (ভ্যাট বাদে)
১	সাধারন হলরুম- ১টি	২৫-৩০ সিট	১,২০০.০০
২	এসি হল রুম-১টি (৮ঘন্টার পর ২৩০ টাকা প্রতি ঘন্টা)	৪০-৫০ সিট	৩,৯০০.০০
৩	সাধারন হলরুম-১টি (৮ঘন্টার পর ২৩০ টাকা প্রতি ঘন্টা)	১৫০ সিট	২,০০০.০০
৪	এসি ক্লাশ রুম -১টি (৮ঘন্টার পর ২৩০ টাকা প্রতি ঘন্টা)	২৫-৩০ **সিট**	২,৫০০.০০
৫	হোস্টেলের সিট ভাড়া -১৪ রুম (কমন বাথরুম)	৪ বেড	৪০০.০০
৬	নন এ,সি, রুম -৪টি (এঁাটাস্ট বাথরুম)	২ বেড	৫০০.০০
৭	এ,সি, রুম-৪টি (এঁাটাস্ট বাথরুম)	২ বেড	১,০০০.০০
৮	এ,সি, রুম -ডিলাক্স-২টি (এঁাটাস্ট বাথরুম)	১ বেড	১,০০০.০০
৯	এ,সি, রুম -ডিলাক্স-২টি (এঁাটাস্ট বাথরুম)	কাপল বেড	১,২০০.০০
১০	এ,সি, রুম -ডিলাক্স-১০টি (এঁাটাস্ট বাথরুম)	২ বেড	১,২০০.০০
১১	মাল্টিমিডিয়া প্রজেক্টর-২টি	১ দিন	১,০০০.০০
১২	পি এ সিসটেম-২টি	১ দিন	৫০০.০০
১৩	ডাইনিং -৭০সীট	১ দিন	৫০০.০০
১৪	রান্নাঘর	২টি	০.০০

(১৪)

ক্ষুদ্রঋণ প্রকল্পের বাৎসরিক রির্পোট ২০১৮-২০১৯

ভূমিকা ঃ বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেকই নারী। জনগোষ্ঠীর এ অর্ধেক অংশকে উন্নয়ন কর্মকান্ডে অংশগ্রহণ থেকে বিরত রেখে সার্বিক অর্থনৈতিক মুক্তির কথা আশা করা বাতুলতা মাত্র। পৃথিবীর প্রতিটি উন্নত দেশই উন্নয়নের ছোঁয়া পেয়েছে নারী শক্তিকে পুরোপুরি স্বীকার করে নিয়েই, কিন্তু বাংলাদেশ এগিয়ে চলেছে সম্পুর্ণ ভিন্ন বাস্তবতার ভিতর দিয়ে। একবিংশ শতকের দ্বারপ্রান্তে এসেও নারীকে সন্তান লালন-পালন ও গৃহের অন্যান্য কাজকর্ম ছাড়া বাহিরের অন্য কোন কাজে লাগানোর কথা চিন্তা করতে পারছেনা বর্তমান সমাজ। বর্তমান সমাজ নারীকে শুধুমাত্র নারী হিসাবে ভাবছে । তাদের চোখে নারী মানুষ হয়ে উঠতে পারছে না। বাঁচতে শেখা কাজ করছে সমাজের এই দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তন ঘটাতে। এ জন্য বাঁচতে শেখা নারীর শক্তিকে পুরোপুরি কাজে লাগিয়ে নারীকে সমাজের সামনে মানুষ হিসেবে প্রতিষ্ঠিত করার প্রয়াস অব্যাহত রেখেছে।

বাঁচতে শেখার প্রতিষ্ঠাতা ও বর্তমান নির্বাহী পরিচালক মিস আঞ্জেলা গমেজ কাজের শুরুতে গ্রামের পথে পথে মাইলের পর মাইল হেঁটেছেন। গ্রামীণ মেয়েদের সাথে খেয়েছেন, থেকেছেন, রাত্রি যাপন করেছেন। তাদের সাথে মিশে গিয়ে তাদের বাস্তব অবস্থা বুঝার চেষ্টা করেছেন। তিনি দেখেছেন নারীর শক্তি আছে, ইচ্ছা আছে, বুঝার ক্ষমতা আছে। শুধু অভাব পুঁজি আর দক্ষতার। তারা মহাজনের নিকট থেকে ঋণ নিচ্ছে । জমি বন্ধক রেখে টাকার অভাব মেটানোর বৃথা চেষ্টা করছে দিনের পর দিন। এভাবে মহাজনী শাসন শোষণে সর্বশান্ত হচ্ছে অনেক পরিবার। এমন অবস্থা থেকে গ্রামীণ নারীকে রক্ষার মানসে তিনি ১৯৮৭- ১৯৮৮ অর্থ বছর থেকে সহজ শর্তে ঋণ দেওয়া শুরু করেন। এভাবেই সূচনা হয় বাঁচতে শেখার ক্ষুদ্র ঋণ কার্যক্রম।

দর্শন/ ভিশন/রূপকল্পঃ

- ক্ষুদ্রঋণের মাধ্যমে পিছিয়ে পড়া নারীর অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ নিশ্চিৎ করা ও দরিদ্র জনগোষ্টির দারিদ্র বিমোচন, টেকসই উন্নয়ন ও ক্ষমতায়ন।
- আত্ন-কর্মসংস্থানের মাধ্যমে সক্ষমতা অর্জন এবং পারিবার ও সমাজে নারীর মর্যাদা বৃদ্ধিসহ সিদ্ধান্ত গ্রহণে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা।

লক্ষ্য/মিশন/অভিলক্ষ্যঃ

- সংগঠিত মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করা।
- ক্ষুদ্রঋণ খাতকে কার্যকরের মাধ্যমে কর্মসংস্থান বৃদ্ধি, ক্ষুদ্র উদ্যোগক্তা সৃষ্টি, অর্থনৈতিক ও মানবিক মর্যাদাবৃদ্ধি, সঞ্চেয়ের মনোভাব সৃষ্টি ।
- সমিতির সাবলম্বীতা নিশ্চিত করা।

সঞ্চয়ের ধরণঃ

ক) সেচ্ছা সঞ্চয়
খ) মেয়াদী সঞ্চয়
গ) দ্বিগুন জমা সঞ্চয়
ঘ) মাসিক মুনাফা সঞ্চয়

ঋনের ধরণঃ

ক) আর,এম,সি ঋণ
খ) আর,এম,সি কৃষি ঋণ

গ) এম,ই,ডি,পি ঋণ

ঘ) এম,ই,ডি,পি কৃষি ঋণ

২০১৮-২০১৯ অর্থ বছরে সঞ্চয় ও ঋণের তথ্যঃ

ক্রমিক নং	সঞ্চয়ের ধরণ	৩০শে জুন সঞ্চয়ের পরিমান (টাকা)	ঋণের ধরণ	৩০শে জুন ঋণের পরিমান (টাকা)
১	সেচ্ছা সঞ্চয়	৯,১৮,৩০,২৩০.০০	আর,এম,সি ঋণ	৯,৭০,৫৩,৭৬৮.০০
২	মেয়াদী সঞ্চয়	১,১২,১৩,২২৬.০০	আর,এম,সি কৃষি ঋণ	১,৪৯,৪২,৩৭৮.০০
৩	দ্বিগুন জমা সঞ্চয়	১৬,৬৫,৬৩৬.০০	এম,ই,ডি,পি ঋণ	২৬,৪৬,৬১,৭৪৬.০০
৪	মাসিক মুনাফা সঞ্চয়	৩৫,৮৭৪.০০	এম,ই,ডি,পি কৃষি ঋণ	৫,৩০,৮৩,৯৩৯.০০
মোটঃ		**১০,৪৭,৪৪,৯৬৬.০০**		**৪২,৯৭,৪১,৮৩১.০০**

বিগত তিন বছরে ঋণ বিতরনের তুলনা চিত্রঃ

২০১৬-২০১৭ অর্থ বছর	২০১৭-২০১৯ অর্থ বছর	২০১৮-২০১৯ অর্থ বছর
৩৬,৮৮,২৫,০০০	৫০,১৭,৩৪,০০০	৫০,৩৭,২৫,০০০



বিগত তিন বছরে ঋণের স্থিতিঃ

২০১৬-২০১৭ অর্থ বছর	২০১৭-২০১৯ অর্থ বছর	২০১৮-২০১৯ অর্থ বছর
৩১৪৬১৮৬৮৪	৪০৩৮৫৬৮৬৩	৪২৯৭৪১৮৩১



বিগত তিন বছরে আয়ের চিত্রঃ

২০১৬-২০১৭ অর্থ বছর	২০১৭-২০১৮ অর্থ বছর	২০১৮-২০১৯ অর্থ বছর
১৭৪৮৫১৭	৭৪৫১৯৯৯	১০৮১০৫৪৯



সবজি চাষ

ফল চাষ

পোল্ট্রি বা মুরগির খামার

চলমান কার্যক্রম .....

প্রমোটিং পিস এন্ড জাস্টিস (পিপিজে) এ্যাকটিভিটি, গাজীপুর

যে ভাবে কাজ করছে প্রকল্পটিঃ ইউএসএআইডি'র অর্থায়ানে ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল (ডিআই) দ্বারা বাস্তবায়িত আইনী ব্যবস্থার প্রচার, শান্তি ও বিচারকি কার্যক্রম উন্নয়নে ৩ তিন বছরের জন্য পিপিজে কার্যক্রম বাস্তবায়ন করছে। প্রকল্পটি প্রধানত তিনটি বিষয়ে কাজ করছে্ বাংলাদেশে আইনী সহায়তা পরিষেবাগুলিতে প্রবেশাধিকার বাড়ানো, আইনী সেবার মান উন্নয়ন ও আইনী সহায়তা প্রদানকারী সংস্থা, বিচারক, বিচার বিভাগীয় কর্মী এবং দূর্বল সংস্থাগুলির কাজ করার জন্য প্রকল্প নকশা তৈরী করা হয়েছে। এই প্রকল্পের গোল/ লক্ষ্য হল- **বিদ্যমান বিচার ব্যবস্থায় প্রবেশাধিকারের উন্নয়ন ঘটানোর মাধ্যমে সরকারী সংস্থাগুলির প্রতি মানুষের আস্তা বৃদ্ধি করণ।**

কম্পোনেন্ট- ১: জাতীয় আইনগত সহায়তা সংস্থা (এনএলএএসও) এবং আইনী সহায়তা কমিটি (এলএসি) সহ সরকারী কমিটি (ডিলাক, উজলাক, ইউপিলাক) কমিটিগুলোর সক্ষমতা উন্নয়নে টেকনিক্যাল সহায়তা প্রদান করছে। নাগরিক সেবার মান ও সক্ষমতা উন্নয়নে জাতীয়, জেলা এবং স্থানীয় পর্যায়ে আইনী সহায়তা প্রদানের সুযোগ সৃষ্টি, বিশেষত নারী ও অন্যান্য দূর্বল গ্রুপগুলির কৌশলগত সহায়তা প্রদানে কাজ করছে।

কম্পোনেন্ট- ২-বিচার বিভাগের কেস ম্যানেজমেন্ট সক্ষমতা উন্নয়নঃ আইনী সহায়তা প্রদানের ক্ষেত্রে মামলার ব্যাকলগ হ্রাস করতে এবং বিচার বিভাগের সক্ষমতা বাড়ানোর জন্য প্রকল্পটি কাজ করছে। কেস ম্যানেজমেন্ট এর জন্য আইনী ও পদ্ধতিগত কৌশল বাড়ানো, জেলা আদালতের বিচারকদের কার্য-নির্বাহী ও বিচার বিভাগীয় শাখাগুলির মধ্যে সমন্বয় সাধন, বিশেষ করে নারী বিচারকদের সক্ষমতা উন্নয়নে সমস্যা চিহ্নিত করে তা সমাধানে ব্যবস্থা গ্রহনের মাধ্যমে মামলা নিষ্পত্তিতে ব্যাকলগ এর প্রতিকার করতে ভূমিকা রাখা। পিপিজে সুপ্রিম কোর্ট, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয় (এসওএলজেপিএ) এবং আঞ্চলিক আদালতসহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে সহযোগিতা করছে।

কম্পোনেন্ট- ৩ - আইনী অধিকার সম্পর্কে নাগরিক সচেতনতাঃ কম্পোনেন্ট- ৩ এর মাধ্যমে বাংলাদেশের বিদ্যমান আইনী অধিকার বিষয়ে সাধারণ মানুষ ও দুর্বল জনগোষ্ঠীকে জানানো ও সংবেদনশীল করে তোলা্। নাগরিকদের আইনী অধিকার ও সচেতনতা বাড়ানোর জন্য এমওএলজিপিএ, সিভিল সোসাইটি এবং পেশাদারিত্ব আছে এমন সংঘের সাথে অভিজ্ঞাতা বিনিময়ের মাধ্যমে সময়োপযোগী পদক্ষেপ গ্রহনে কাজ করছে যাতে লক্ষিত জনগোষ্ঠীর আইনী অধিকার পাওয়ার ক্ষেত্রে প্রবেশ অধিকার তৈরী হয়।

১. **আইনগত সহায়তা প্রদান আইন ২০০০ এর পরিচিতি ঃ** সরকার ২০০০ সালে দরিদ্র মানুষের আইনের আশ্রায় লাভের অধিকার নিশ্চিত করার জন্য আইনগত সহায়তা প্রদান আইন ২০০০ প্রনয়ন করে। গরীব নিঃস্ব মানুষ যেন আর্থিক দৈনতার কারনে আইনের লাভের অধিকার থেকে বঞ্চিত না হয় তার জন্য সরকারী আইন সহায়তা কর্মসূচী। এই আইনের মাধ্যমে সরকার আইনগত সহায়তা প্রদান কার্যক্রমকে একটি প্রাতিষ্ঠানিক রূপ দেয়।

২. **সরকারি আইনগত সহায়তা কি?**

- আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ অনুযায়ী আইনগত সহায়তা হলো আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারনে বিচার পেতে অসমর্থ বিচারস প্রার্থীকে-
- কোন আদালতে দায়ের যোগ্য, দায়ের করা হয়েছে বা বিচার চলছে এমন মামলায় আইনগত পরামর্শ ও সহায়তা প্রদান।

- মামলার প্রাসঙ্গিক খরচ প্রদান সহ অন্য যে কোন সহায়তা প্রদান।
- নিযুক্ত সালিশকারীকে সম্মানী প্রদান;
- প্রবিধান দ্বারা নির্ধারিত হারে আইনজীবীকে সম্মানী প্রদান।

৩.জেলা, উপজেলা এবং ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি সম্পর্কে ধারনা ঃ আইনগত সহায়তা প্রদান মোতাবেক পরবর্তীতে সারাদেশে আইনগত সহায়তা কার্যক্রম পরিচালনার জন্য জাতীয়ভাবে "জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা", প্রত্যেক জেলায় 'জেলা লিগ্যাল এইড কমিটি', উপজেলায় 'উপজেলা লিগ্যাল এইড কমিটি',এবং ইউনিয়নে "ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি", গঠন করা হয়েছে।উপজেলা এবং ইউনিয়ন লিগ্যাল এইড কমিটির সদস্যগন ৩ বছরের জন্য মনোনিত হবেন। কমিটির মনোনিত ব্যক্তিগনকে মনোয়নকারী কর্তৃপক্ষ যে কোন কারন ব্যতিত অপসারণ করতে পারবেন। নিম্মোক্ত ব্যক্তিগনের সমন্বয়ে কমিটিগুলো গঠন করা হবে।

ক.উপজেলা লিগ্যাল এইড কমিটি ঃ

ক্রমিক নং	পদবী	কমিটি সদস্যদের পদবী
১	উপজেলা চেয়ারম্যান	চেয়ারম্যান
২	উপজেলা নির্বহী কর্মকর্তা	সদস্য সচিব
৩	উপজেলা ভাইস-চেয়ারম্যান (মহিলা)	সদস্য
৪	উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য
৫	উপজেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য
৬	উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা	সদস্য
৭	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা	সদস্য
৮	থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য
৯	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
১০	উপজেলা আনছার ও ভিডিপি কর্মকর্তা	সদস্য
১১	জাতীয় মহিলা সংস্থার উপজেলা কমিটির চেয়ারম্যান	সদস্য
১২	উপজেলা কমিটির চেয়ারম্যান কতৃক মনোনিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনের মধ্য থেকে একজন	সদস্য
১৩	উপজেলা কমিটির চেয়ারম্যান কতৃক মনোনিত ইউনিয়ন পরিষদের সংরক্ষিত সদস্যগনের মধ্য থেকে একজন	সদস্য
১৪	উপজেলা কমিটির চেয়ারম্যান কতৃক মনোনিত সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের একজন মহিলা শিক্ষক	সদস্য
১৫	উপজেলা কমিটির চেয়ারম্যান কতৃক মনোনিত বেসরকারী সেচ্ছাসেবী সংস্থার একজন প্রতিনিধি	সদস্য

খ.ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি ঃ

ক্রমিক নং	পদবী	কমিটি সদস্যদের পদবী
১	ইউনিয়ন পরিয়দের চেয়ারম্যান	চেয়ারম্যান
২	ইউনিয়ন পরিয়দের সচিব	সদস্য সচিব

৩	সংরক্ষিত আসনের মহিলা সদস্য	সদস্য
৪	সংরক্ষিত আসনের মহিলা সদস্য	সদস্য
৫	সংরক্ষিত আসনের মহিলা সদস্য	সদস্য
৬	ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কতৃক মনোনিত ইউনিয়ন পরিষদের সদস্য	সদস্য
৭	ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কতৃক মনোনিত ইউনিয়ন পরিষদের সদস্য	সদস্য
৮	ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কতৃক মনোনিত ইউনিয়ন পরিষদের সদস্য	সদস্য
৯	ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কতৃক মনোনিত সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের একজন মহিলা শিক্ষক	সদস্য
১০	ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কতৃক মনোনিত আনছার ও ভিডিপি'র একজন মহিলা সদস্য	সদস্য
১১	ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কতৃক মনোনিত বাজার কমিটির সভাপতি অথবা একজন ব্যবসায়ী	সদস্য
১২	ইউনিয়ন কমিটির চেয়ারম্যান কতৃক মনোনিত উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করে থাকেন বেসরকারী সেচ্ছাসেবী সংস্থার (যদি থাকে) একজন প্রতিনিধি	সদস্য
১৩	জাতীয় মহিলা সংস্থার জেলা কমিটির চেয়ারম্যান মনোনিত একজন প্রতিনিধি	সদস্য
১৪	ইউনিয়নে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা	সদস্য
১৫	ইউনিয়নে কর্মরত ফ্যামিলি ওয়েলফেয়ার ভিজিটর	সদস্য

গ. সরকারী আইনগত সহায়তা পাওয়ার যোগ্যতা কি?

আইনগত সহায়তা প্রদান নীতিমালা, ২০১৪ অনুযায়ী নিম্নলিখিত ব্যক্তিগণ সরকারের নিকট থেকে আইনগত সহায়তা পাবেন-

- যে কোন অসচ্ছল ব্যক্তি, যার বার্ষিক গড় আয় সুপ্রিম কোর্টে আইনগত সহায়তা প্রদানের ক্ষেত্রে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা) এবং অন্যান্য আদালতের ক্ষেত্রে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার উর্দ্ধে নয়;
- কর্মে অক্ষম, আংশিক কর্মক্ষম, কর্মহীন কোন ব্যক্তি;
- বার্ষিক ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার উর্দ্ধে আয় করতে অক্ষম এমন মুক্তিযোদ্ধা;
- কোন শ্রমিক যার বার্ষিক আয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার উর্দ্ধে নয়;
- কোন শিশু;
- মানব পাচারের শিকার কোন ব্যক্তি;
- শারীরিক, মানসিক বা যৌন নির্যাতনের শিকার কোন নারী ও শিশু;
- নিরাশ্রয় ব্যক্তি বা ভবঘুরে;
- ক্ষুদ্র জাতিসত্তা, নৃ গোষ্ঠি ও সম্প্রদায়ের কোন ব্যক্তি;

- পারিবারিক সহিংসতার শিকার অথবা সহিংসতার ঝুঁকিতে আছেন এমন কোন সংক্ষুব্ধ ব্যক্তি;
- বয়স্ক ভাতা পাচ্ছেন এমন ব্যক্তি;
- ভিজিডি কার্ডধারী দুঃস্থ মাতা;
- দুর্বৃত্ত দ্বারা এসিডদগ্ধ নারী বা শিশু;
- আদর্শ গ্রামে গ্রহ/ভূমি বরাদ্ধ প্রাপ্ত কোন ব্যক্তি;
- অসচ্ছল বিধবা বা স্বামী পরিত্যক্তা এবং দুঃস্থ মহিলা;
- প্রতিবন্ধী ব্যক্তি
- আর্থিক অসচ্ছলতার কারনে আদালতে অধিকার প্রতিষ্ঠা বা আত্মপক্ষ সমর্থন করতে অসমর্থ ব্যক্তি;
- বিনা বিচারে আটক ব্যক্তি, আত্মপক্ষ সমর্থন করতে অক্ষম;
- আদালত কর্তৃক আর্থিকভাবে অসহায় ও অসচ্ছল বলে বিবেচিত ব্যক্তি;
- জেল কর্তৃপক্ষ কর্তৃক আর্থিকভাবে অসহায় ও অসচ্ছল বলে সুপারিশকৃত বা বিবেচিত কোন ব্যক্তি;

ঘ. আইনগত সেবাসমূহ কি কি ঃ

- আইনগত পরামর্শ প্রদান;
- বিনামূল্যে ওকালতনামা সরবরাহ;
- মামল পরিচালনার জন্য আইনজীবী নিয়োগ;
- আইনজীবীর ফিস পরিশোধ;
- মধ্যস্থতাকারী বা সালিশকারীর সম্মানি পরিশোধ;
- বিনামূল্যে রায় কিংবা আদেশের অনুলিপি সরবরাহ;
- ডিএনএ (ডিঅক্সিরোবো নিউক্লিয়ার এসিড) টেস্টের যাবতীয় ব্যয় পরিশোধ;
- ফৌজদারি মামলার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের ব্যয় পরিশোধ;
- এছাড়া মামলার সাথে সম্পর্কিত প্রাসঙ্গিক সকল ব্যয় পরিশোধ।

যেসব মামলায় সরকারী আইনগত সহায়তা প্রদান করা হয়ঃ

দেওয়ানী মামলা	**ফৌজদারী মামলা**
• সম্পত্তি দখলপুনরুদ্ধার • দলিল বাতিল • স্থায়ী নিষেধাজ্ঞা • সম্পত্তির বন্টন বা বাটেয়ারা • ঘোষণামূলক মামলা • চুক্তি সংক্রান্ত মামলা • চাকরিসহ যে কোন অধিকার সংশ্লিষ্ট মামলা • এছাড়া দেওয়ানী কার্যবিধিতে উল্লেখিত যে কোন অপরাধের মামলায়	• শারীরিক নির্যাতন • যৌতুক দাবী বা যৌতুকের জন্য নির্যাতন • এসিড নিক্ষেপ • পাচার সংক্রান্ত • অপহরণ • ধর্ষণ • আইন-শৃংঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক আটক বা গ্রেফতার • এছাড়া ফৌজদারী কার্যবিধি ও দন্ডবিধিতে উল্লেখিত যে কোন অপরাধের মামলায়

পারিবারিক মামলায়	অন্যান্য
• সন্তানের অভিভাবকত্ব • স্ত্রীর খোরপোষ ও সন্তানের ভরণ-পোষণ • বিবাহ-বিচ্ছেদ; • দাম্পত্য সম্পর্ক পুনরুদ্ধার; • দেনমোহর	উপরোল্লিখিত মামলা ছাড়াও যদি অন্য কোন কারনে বা বিষয়ে মামলার উদ্ভব হয়, তবে সে ক্ষেত্রেও সরকারী আইন সহায়াতা পাওয়া যাবে।

ন্যাশনাল হেল্পলাইন ও জেলা লিগ্যাল এইড কমিটির হটলাইন নম্বরঃ ন্যাশনাল হেল্পলাইন ১৬৪৩০ এই নাম্বরে বাংলাদেশের যে কোন স্থান থেকে যে কোন ধরনের আইনগত পরামর্শ পেতে ছুটির দিন ব্যতিত সপ্তাহের রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত কল করে প্রয়োজনীয় তথ্য/পরামর্শ পেতে পারেন। এছাড়া জেলা লিগ্যাল এইড কমিটির হটলাইন নম্বরেও কল করে যে কোন ধরনের আইনগত পরামর্শ পেতে ছুটির দিন ব্যতিত সপ্তাহের রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত। জেলা লিগ্যাল এইড কমিটি গাজীপুর এর হটলাইন নম্বর- ০১৭৫৬-৫৬৬৮০১

জেলা লিগ্যাল এইড অফিসে সরাসরি যোগাযোগের ঠিকানাঃ জেলা জজ আদালত ভবন (নীচতলা, কক্ষ নং-১২৯), গাজীপুর।

উপজেলা ও ইউনিয়ন লিগ্যাল এইড কমিটির দায়িত্বঃ

- আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থীগণের আবেদন বা দরখস্ত সংগ্রহ এবং তা দ্রুত জেলা কমিটির নিকট প্রেরণ;
- আইনগত সহায়তা সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- বোর্ড, সংস্থা বা জেলা কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

রেফার ও নেটওয়ার্কিংঃ কোন সুনির্দিষ্ট উদ্দেশ্য কে সামনে রেখে দল, সংগঠন বা ব্যক্তির মধ্যে যোগাযোগ, সম্পর্ক স্থাপন, ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে বিস্তৃত পরিসরে কাজ করার ক্ষেত্রে প্রস্তুতিকেই নেটওয়ার্কিং বলে।

১. নেটওয়ার্কিং এর ক্ষেত্রে

- প্রয়োজন অনুযায়ী জেলা লিগ্যাল এইড কমিটির সাথে যোগাযোগ রক্ষা করা;
- স্থানীয় নেতৃবৃন্দের সাথে যোগাযোগ রক্ষা করা;
- সেবা কেন্দ্রসমূহের সাথে যোগাযোগ রক্ষা করা;
- ভূক্তভোগীদের/ উপকারভোগীদের সহায়তা দেয়া;
- ভূক্তভোগীদের/ উপকারভোগীদের ঠিকানা জানা;
- সেবা কেন্দ্রসমূহের ঠিকানা জানা;
- উপকারভোগীদের সেবা কেন্দ্রে গিয়ে আবেদন ফরম জমা দিয়েছে কি'না তার তথ্য রাখা।

২. রেফারেলের এর ক্ষেত্রে আইনগত সহায়তা বিষয়ে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে যা করতে পারেনঃ

- কারো আইনগত সহায়তা প্রয়োজন আছে মনে হলে তাকে জেলা লিগ্যাল এইড কমিটির নিকট রেফার করা;
- কেউ অধিক সময় ধরে আইনগত অধিকার থেকে বঞ্চিত থাকলে তাকে সেবার জন্য আবেদনপত্রসহ জেলা লিগ্যাল এইড কমিটির নিকট রেফার করা।

৩. রেজিষ্টার পূরণ ও রক্ষণাবেক্ষন

রেফারেলের এর ক্ষেে প্রত্যেক উপজেলা ও ইউনিয়ন কমিটি একটি রেজিষ্টার সংরক্ষণ করবে।রেজিষ্টারটি হচ্ছে আইনগত সহায়তার আবেদন রেজিষ্টার। উপজেলা বা ইউনিয়র কমিটি যে সকল আবেদন জেলা কমিটির নিকট প্রেরণ করবেন সে সকল আবেদনের একটি সংক্ষিপ্ত বিবরণ এই বেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে।

ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতঃ জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা প্রবিধানমালা ৬ ও ১০ অনুযায়ী উপজেলা ও ইউনিয়ন কমিটি তার একটি প্রতিবেদন ৩ (তিন) মাস অন্তর অন্তর নিম্নলিখিত ফরমেটে জেলা কমিটির চেয়ারম্যান বরাবর প্রেরণ করবে।

- শেষ -